

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা।
www.dch.gov.bd
Email: dch@nbr.gov.bd
নিলাম দরপত্রের বিজ্ঞপ্তি:
(E-Auction No.03/2025)

কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউস, ঢাকা'র নির্দেশক্রমে বিভিন্ন ব্র্যান্ডের মোবাইল (BTRC এর পূর্ব অনুমতি গ্রহণকৃত) যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আত্মহী নিলাম ক্রেতাদের নিকট থেকে অনলাইনে (E-Auction) এবং প্রচলিত পদ্ধতিতে সরাসরি দরপত্র আহ্বান করা হচ্ছে।

০২। আত্মহী দরদাতাগণ আগামী ১১/১২/২০২৫ খ্রি. তারিখ থেকে ২৩/১২/২০২৫ খ্রি. তারিখ বেলা ১৩:০০ ঘটিকা পর্যন্ত জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে (www.nbr.gov.bd) এবং কাস্টমস হাউস ঢাকা'র ওয়েবসাইটে (www.dch.gov.bd) প্রদর্শিত E-Auction লিংকে প্রবেশ করে দরপত্র দাখিল করতে পারবেন।

০৩। এছাড়া E-Auction এর পাশাপাশি আত্মহী দরদাতাগণ আগামী ১১/১২/২০২৫ খ্রি. তারিখ সকাল ০৯:০০ টা থেকে ২৩/১২/২০২৫ খ্রি. তারিখ বেলা ১৩:০০ ঘটিকা পর্যন্ত (ক) সহকারী কমিশনার, নিলাম, কাস্টমস হাউস, ঢাকা (খ) ডেপুটি কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা (গ) ডেপুটি কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (ঘ) ডেপুটি কমিশনার, কাস্টমস হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকার অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করা যাবে। তবে, যারা E-Auction এর লিংকে দরপত্র দাখিল করবেন তাদের টেন্ডার বক্সে দরপত্র দাখিল করার প্রয়োজন নেই এবং যারা টেন্ডার বক্সে দরপত্র দাখিল করবেন তাদের E-Auction এর লিংকে দরপত্র দাখিল করার প্রয়োজন নেই।

০৪। E-Auction সফটওয়্যারে নিবন্ধন করতে বা দরপত্র দাখিলের ক্ষেত্রে কোন দরদাতা কোন প্রকার সমস্যার সম্মুখীন হলে তাদেরকে কাস্টমস হাউসের নিলাম শাখার হেল্প লাইনে (জনাব মিঠুন কুমার মালাকার, সহকারী রাজস্ব কর্মকর্তা, মোবাইল নম্বর: ০১৭৪০-৮৩৭৭৭৮, জনাব মোঃ আব্দুল মোমিন, প্রোগ্রামার, মোবাইল নম্বর: ০১৫২১-১০৮৯৩৯) যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৫। E-Auction No. 03/2025 এর ক্যাটালগ ও দরপত্র উক্ত ওয়েবসাইট হতে অথবা সরকারি নিলামকারী সরকারি নিলামকারীর দপ্তর মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬ স্ট্যান্ডা রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম, কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। ক্যাটালগে বর্ণিত পণ্য আগামী ১৪/১২/২০২৫ খ্রি. তারিখ থেকে ১৮/১২/২০২৫ খ্রি. তারিখে অফিস চলাকালীন সরেজমিনে পরিদর্শন করা যাবে। উল্লেখ্য, প্রত্যেক নিলাম ক্রেতাকে জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ-৯১/কাস্টমস/২০২৫, তারিখ: ০২.০৭.২০২৫ খ্রি. এর সকল শর্ত পরিপালন করতে হবে।

০৬। দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের ১০% জামানত পৃথকভাবে "DCH Commissioner Auction Fund" কাস্টমস হাউস, ঢাকার অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে। দরদাতার যোগ্যতা নিম্নরূপ:

ক) দরদাতা প্রতিষ্ঠানের ক্ষেত্রে: প্রতিটি দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুসক নিবন্ধন, টি. আই. এন সনদপত্র ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র;

খ) ব্যক্তির ক্ষেত্রে: জাতীয় পরিচয়পত্র, টি. আই. এন সনদ ও হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র ক্রয়কৃত সিডিউলের সাথে জমা দিতে হবে। অসম্পূর্ণ দরপত্র/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট কোন ক্রমেই গ্রহণযোগ্য/বিবেচিত হবে না।

০৭। যারা E-Auction পদ্ধতিতে নিলামে অংশগ্রহণ করবেন তাদের জামানতের পে-অর্ডার এর হার্ডকপি ২৩/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অ্যাসিস্ট্যান্ট কমিশনার, নিলাম, কাস্টমস হাউস, ঢাকা বরাবর দাখিল করতে হবে।

০৮। ২৩/১২/২০২৫ খ্রি. তারিখ বেলা ৩:০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে টেন্ডার বক্স উন্মুক্ত করা হবে। অনুমোদিত দরদাতাকে দরপত্রে উল্লিখিত মূল্যের অতিরিক্ত হিসাবে সরকার কর্তৃক নির্ধারিত হারে আয়কর ও মূল্য সংযোজন কর ট্রেজারি চালানোর মাধ্যমে পরিশোধ করতে হবে। নিলাম বাবদ উল্লিখিত সমুদয় অর্থ নির্ধারিত সময়ে জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে। কর্তৃপক্ষ যুক্তিসঙ্গত কারণে নিলাম অনুষ্ঠিত হওয়ার সর্বোচ্চ ০২ (দুই) দিন পূর্বে ক্যাটালগে কোন লট সংশোধন বা সংযোজন বা ক্যাটালগ হতে প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করেন।

০৪/১২/২৫

মোঃ রফিকুল ইসলাম

অ্যাসিস্ট্যান্ট কমিশনার (চ.দা.)

জয়েন্ট কমিশনার ও নিলাম কমিটির সভাপতির পক্ষে

কাস্টমস হাউস, ঢাকা।